

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা

নং- ৩৫.০২২.০৬৫.০০.০০৫.২০০৭-৫২২

তারিখ : ২৫/১০/২০১২ খ্রিস্টাব্দ

বিষয় : সড়ক ও জনপথ অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে চলতি দায়িত্ব প্রদান সংক্রান্ত।

সূত্র : প্রধান প্রকৌশলী, সওজ-এর পত্র নং : ১প্রশাঃ-১৩/০৫(২য় খণ্ড)/৯৬৫-ই, তারিখ : ২৮/০৬/২০১২ খ্রিস্টাব্দ


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরে কর্মরত নিম্নলিখিত উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল)-কে নির্বাহী প্রকৌশলী (সিভিল) এর শূন্য পদের বিপরীতে বর্ণিত শর্তে নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে নির্দেশক্রমে চলতি দায়িত্ব প্রদান করা হল :

ক্রমিক	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবী ও কর্মস্থল
১	জনাব মোঃ আব্দুর রশিদ, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), সড়ক উপ-বিভাগ-১, ফরিদপুর

শর্তাবলী :

- চলতি দায়িত্ব পদোন্নতি হিসেবে গণ্য হবে না এবং ভবিষ্যতে এই সুবাদে পদোন্নতির দাবি করা যাবে না;
- যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে চলতি দায়িত্ব হতে অব্যাহতি দেয়া যেতে পারে;
- চলতি দায়িত্ব প্রদানের কারণে সংশ্লিষ্ট কর্মকর্তা বিধি মোতাবেক চলতি দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। ভবিষ্যতে পদোন্নতির ক্ষেত্রে নিয়োগবিধি অনুসারে শূন্য পদ পূরণ করা হলে, চলতি দায়িত্বের কারণে কোনরূপ অগ্রগণ্যতা বা অধিকার অর্জিত হবে না;
- অন্য কোনো প্রশাসনিক ও বিধিগত বাধা না থাকলে জ্যেষ্ঠতার ভিত্তিতে চলতি দায়িত্ব কার্যকর হবে; এবং
- প্যানেলভুক্ত কর্মকর্তাদের চলতি দায়িত্ব কার্যকর করাকালে তাঁদের বিভাগীয় মামলা/অভিযোগ, বার্ষিক গোপনীয় অনুবেদন এবং সন্তোষজনক চাকরির বিষয়সমূহ সওজ বিবেচনায় রাখবে।

২। উল্লিখিত কর্মকর্তাকে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হল।


(শাহ আলম মুকুল)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৬১৯৮৪

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিভিল), সওজ, গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
(অতিরিক্ত সচিব মহোদয়কে অবগত করার জন্য)
- ৫। অফিস কপি/মাস্টার কপি